



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি বি এম কলেজ, বরিশাল।



Govt. B M College, Barisal.

অধ্যক্ষ : অফিস ০৪৩১-৬৪৫৩২, ৬৪৭৯৩, বাসা-২১৭৩৫১৪, ফ্যাক্স : ০৪৩১-৬৪৭৯৩, উপাধ্যক্ষ : অফিস- ২১৭৩৫৮৩
ই-মেইল : principalbmcollege@gmail.com, ওয়েবসাইট : www.bmcollege.gov.bd

স্মারক নং

তারিখ :


আন্তর্জাতিক সেমিনারে উপস্থাপনের লক্ষ্যে প্রবন্ধ আহ্বান

২৯ জানুয়ারি ২০২৩ খ্রি: রবিবার সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল ১দিন ব্যাপী একটি আন্তর্জাতিক সেমিনারের আয়োজন করতে যাচ্ছে। উক্ত সেমিনারে যে কোনো বিষয়ের উপর লিখিত গবেষণা প্রবন্ধ উপস্থাপন করা যাবে। তবে বাংলাদেশ ও শিক্ষা বিষয়ক প্রবন্ধসমূহকে অগ্রাধিকার দেয়া হবে। অত্রহী প্রাবন্ধিক ১৫ জানুয়ারি ২০২৩ খ্রি. তারিখের মধ্যে বাংলা অথবা ইংরেজি ভাষায় লিখিত প্রবন্ধের সারসংক্ষেপ দাখিল করতে পারবেন। নির্বাচিত প্রবন্ধ সেমিনারে Power Point-এ উপস্থাপন করতে হবে।


নির্বাচিত প্রবন্ধসমূহ প্রকাশিতব্য জার্নালে প্রকাশ করা হবে। কোনো প্রতিষ্ঠান হতে প্রকাশিত (আংশিক অথবা সম্পূর্ণ) অথবা কোনো প্রতিষ্ঠানে দাখিলকৃত প্রবন্ধ গ্রহণযোগ্য নয়। দাখিলকৃত প্রবন্ধের যে সব বৈশিষ্ট্য আয়োজক কমিটি প্রত্যাশা করেন, তা নিম্নরূপ:

১. প্রবন্ধের মৌলিকত্ব থাকতে হবে;
২. প্রবন্ধটি স্বীকৃত গবেষণা পদ্ধতি অনুসরণ করে রচিত হতে হবে;
৩. বাংলা ও ইংরেজি উভয় প্রবন্ধের ক্ষেত্রে অনূর্ধ্ব ১০০ শব্দের একটি সারসংক্ষেপ থাকতে হবে;
৪. বাংলা প্রবন্ধের বানান হবে বাংলা একাডেমি প্রমিত বানান রীতি অনুযায়ী, তবে উদ্ধৃতির ক্ষেত্রে মূল বানানের কোনো পরিবর্তন করা যাবে না;
৫. বাংলা প্রবন্ধের ক্ষেত্রে ফন্টের আকার হবে ১৪ ও ফন্ট হবে বিজয় সফটওয়্যারের 'সুতস্বী এম জে' এবং ইংরেজি প্রবন্ধের ক্ষেত্রে ফন্ট হবে Times New Roman ও ফন্টের আকার হবে ১২;
৬. Chicago/MLA/APA শৈলীর যে কোনো একটি অনুসরণ করে প্রবন্ধের তথ্য নির্দেশ, পাদটীকা ইত্যাদি প্রদান করতে হবে;
৭. প্রবন্ধের পরিসর পাঁচ হাজার শব্দের মধ্যে সীমাবদ্ধ হওয়া বাঞ্ছনীয় (সারসংক্ষেপ, গ্রন্থপঞ্জি ও পাদটীকা ব্যতিত);
৮. সারণি, লেখচিত্র, চিত্র ইত্যাদি যথাসম্ভব কম রাখা এবং একই তথ্য টেবিল ও লেখচিত্রে যৌথভাবে প্রদর্শন না করাই উচিত; শিরোনাম লেখার ক্ষেত্রে নির্দিষ্ট নিয়ম অনুসরণ করতে হবে।
৯. প্রবন্ধটি অন্য কোনো জার্নালে প্রকাশ করা ও সেমিনারে উপস্থাপন করা হয়নি এ মর্মে একটি অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

সারসংক্ষেপ গৃহীত হলে অধ্যক্ষ, সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল বরাবর A4 সাইজের কাগজে সিঙ্গেল স্পেসে টাইপকৃত প্রবন্ধের এক কপি পাণ্ডুলিপি এবং একটি সফটকপি ইমেইলে (ikhalitsoc@gmail.com) ২০/০১/২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। প্রবন্ধের আখ্যাপত্রে প্রবন্ধকারের প্রাতিষ্ঠানিক পদমর্যাদাসহ যোগাযোগের ঠিকানা (মোবাইল নম্বর ও ই-মেইলসহ) থাকতে হবে।



(প্রফেসর ড. মোহাম্মদ গোলাম কিবরিয়া)
অধ্যক্ষ
সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল



(প্রফেসর ড. শেখ মো: তাজুল ইসলাম)
বিভাগীয় প্রধান, পদার্থবিজ্ঞান বিভাগ
ও

আহ্বায়ক
আন্তর্জাতিক সম্মেলন আয়োজন কমিটি
সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল